রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১৮, ২০১৮

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৬ ফাল্গুন, ১৪২৪ মোতাবেক ১৮ ফেব্রুয়ারি, ২০১৮

নিম্নলিখিত বিলটি ০৬ ফাল্গুন, ১৪২৪ মোতাবেক ১৮ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১৩/২০১৮

## Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960) রহিতকরণকল্পে আনীত বিল

যেহেতু বাংলাদেশের জনগণের মৌলিক চাহিদা পূরণ ও তাহাদের জীবনমান উন্নয়নের স্বার্থে বর্তমান সরকার যোগাযোগ অবকাঠামো উন্নয়নে অগ্রাধিকার প্রদান করিয়া ব্যাপক হারে সড়ক ও মহাসড়ক নির্মাণের পাশাপাশি সারা দেশের নিভৃত পল্লী এলাকার সাধারণ মানুষকে উহাদের সাথে যুক্ত করিবার লক্ষ্যে সংযোগ সড়ক নির্মাণ করিয়াছে; এবং

যেহেতু সড়ক যোগাযোগ ব্যবস্থার অভূতপূর্ব উন্নয়নের ফলশ্রুতিতে দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত চিনিকলে পার্শ্ববর্তী যে সকল এলাকা হইতে আখের যোগান দেওয়া হয় সেই সকল এলাকার সড়কসমূহ অধিকাংশ ক্ষেত্রে পাকা সড়কে উন্নীত হইয়াছে; এবং

যেহেতু বর্তমান সরকার জনসাধারণের কল্যাণার্থে সড়ক যোগাযোগ ব্যবস্থা অধিকতর বিস্তৃত ও উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ; এবং

যেহেতু Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960) এর বিধানবলে চিনিকলে আখ সরবরাহকারীদের নিকট হইতে আদায়কৃত উপকর দ্বারা রাস্তাঘাট উন্নয়নের প্রয়োজনীয়তা প্রায় নিঃশেষিত; এবং

যেহেতু উপরি-বর্ণিত অবস্থাধীনে Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960) এর অধীন উপকর আদায় বন্ধ করিবার লক্ষ্যে উক্ত Ordinance রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Sugar (Road Development Cess) (রহিতকরণ) আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960) রহিতকরণ ও হেফাজত।**—(১) Sugar (Road Development Cess) Ordinance, 1960 (East Pakistan Ordinance No. XXIII of 1960), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত Ordinance এর অধীন আদায়কৃত উপকর (Cess) দ্বারা বাস্তবায়নাধীন কোন প্রকল্প বা চলমান কোন কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত এমনভাবে চলিতে থাকিবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই।

**উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি**

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার কর্তৃক যোগাযোগ অবকাঠামোকে অগ্রাধিকার প্রদানের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কার্যকর ও উপযোগী কর্মসূচি গ্রহণ এবং সেইগুলির সফল বাস্তবায়নের মাধ্যমে দেশের গ্রামীণ এলাকাসহ সকল অঞ্চলের যোগাযোগ অবকাঠামো ব্যবস্থায় অভূতপূর্ব উন্নয়ন সাধিত হইয়াছে। এই প্রেক্ষাপটে, আখ বিক্রেতাগণের নিকট হইতে আদায়কৃত উপকর দ্বারা চিনিকল এলাকায় আখ পরিবহনের জন্য চিনিকল-কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট রাস্তাঘাট, সেতু, কালভার্ট নির্মাণ, উন্নয়ন, সংস্কার ও রক্ষণাবেক্ষণের আবশ্যকতা নাই মর্মে প্রতীয়মান হয়। এই পরিপ্রেক্ষিতে The Sugar (Road Development Cess) Ordinance, 1960 এবং ইহার সংশোধন আইন ও অধ্যাদেশসমূহ কার্যকর রাখা সমীচীন হইবে না। উপর্যুক্ত অধ্যাদেশ ও ইহার সংশোধন আইন ও অধ্যাদেশসমূহ রহিত (Repeal) হইলে আখ বিক্রেতাগণ উপকর প্রদানের অনাবশ্যক দায় হইতে অব্যাহতি পাইবেন।

**আমির হোসেন আমু**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd